

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
মনিটরিং-১ শাখা

নং-৪৬.০৯৯.০১৫.০২.০২.০০২.২০১৫-৫৮২

তারিখ : ২৯-১১-২০১৬খ্রিঃ।

বিষয়ঃ সিলেট বিভাগের পরিচালক, স্থানীয় সরকার এর কার্যালয়ের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃজিত ০৪(চার)টি পদ ০১-০৬-২০১৬ হতে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণ প্রসঙ্গে।


উপর্যুক্ত বিষয়ে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার) এর ৮৪তম বৈঠকের ৫.৭ নং সিদ্ধান্ত মোতাবেক সিলেট বিভাগের পরিচালক, স্থানীয় সরকার এর কার্যালয়ের জন্য নিম্নবর্ণিত ০৪(চার)টি পদ অস্থায়ীভাবে সৃষ্টি করা হয়, যা নিয়মিতভাবে সংরক্ষণ করা হচ্ছে। এ পর্যায়ে উল্লিখিত ৪(চার)টি পদ ০১-০৬-২০১৬ হতে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত সংরক্ষণ করা প্রয়োজন।

ক্রমিক নং	প্রস্তাবিত পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী)
১।	সাঁটলিপিকার	০১টি	১১,০০০ - ২৬,৫৯০/-
৫।	গাড়ী চালক	০১টি	৯,৩০০ - ২২,৪৯০/-
৬।	অফিস সহায়ক (পিয়ন)	০১টি	৮,২৫০ - ২০,০১০/-
৭।	আঞ্জাবাহক	০১টি	৮,২৫০ - ২০,০১০/-
	মোটঃ	০৪ (চার)টি	-

২। উক্ত পদগুলো বছরভিত্তিক মঞ্জুরী ভিত্তিতে সংরক্ষণযোগ্য।

৩। উক্ত পদসমূহের বেতন-ভাতা ও অন্যান্য ব্যয় স্থানীয় সরকার বিভাগের পল্লী উন্নয়ন প্রতিষ্ঠানের বিপরীতে বরাদ্দকৃত রাজস্ব বাজেটের কোড নং-৩-৩৭০৩-০০০০ হতে মিটানো হবে।

এমতাবস্থায়, সিলেট বিভাগের পরিচালক, স্থানীয় সরকার কার্যালয়ের উক্ত ৪(চার)টি পদ ০১-০৬-২০১৬ হতে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত নিয়মিত সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
(গাজী গোলাম মোস্তফা)  
সহকারী সচিব  
ফোন : ৯৫১৪৬১১

সিনিয়র সচিব  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপিঃ**

- ১। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ।
- ২। মহাপরিচালক (মইই) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।